



উপজেলা পরিক্রমা

শালিখা

মাগুরা, ২২ এপ্রিল (সংবাদদাতা)।— শালিখা মাগুরা জেলা শহর হতে দক্ষিণে প্রাচীন শেরশাহ সড়কের অনতিদূরে চিত্রা নদীর তীরে অবস্থিত ছোট গ্রাম। জানা যায়, পূর্বকালে এই চিত্রা নদীর তীরে প্রচুর শালিধানের চাষ হতো এবং এই এলাকার লোকেরা সেই শালিধানের ভাত খেত। এই উপজেলার উত্তরে মাগুরা সদর উপজেলা। দক্ষিণে বাঘারপাড়া উপজেলা। পূর্বে নবগঙ্গা নদী ও মোহাম্মদপুর উপজেলা। পশ্চিমে ঝিনাইদহ জেলার কালীগঞ্জ উপজেলা। এই উপজেলার আয়তন ১৭৬-১৭ বর্গমিটার। লোকসংখ্যা ১,০৯৬৮ জন। এই উপজেলায় ৭টি ইউনিয়ন পরিষদ আছে।

উৎপন্ন দ্রব্য

মোট জমি ৫৬০২ একর। আবাদী ১৬,১৯০ একর, অনাবাদী ৪০,১০০ একর। ধান, পাট, গম, খেজুরে গুড় ও নানা প্রকার রবিশস্য শালিখায় উৎপাদিত

হয়। আম, কাঠাল, কলা, বেল, তাল, নারিকেল, বাগ ইত্যাদি বৃক্ষ সুশোভিত শালিখা।

শিক্ষা

এই উপজেলায় ২টি মহাবিদ্যালয়, ২টি বালিকা বিদ্যালয়, ১২টি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ৪৭টি সরকারী প্রাথমিক বিদ্যালয় ও ৩৬টি মাদ্রাসা আছে।

হাটবাজার

এই উপজেলায় হাটবাজারের সংখ্যা ১৫টি। এগুলো সংস্কারের অভাবে জনসাধারণের দুর্ভোগ পোহাতে হচ্ছে। সবকটি হাটের সড়ক যোগাযোগ কাঁচা। প্রস্রাব-পায়খানা ও বিশুদ্ধ খাবার পানির সংকট আছে।

রাস্তা

কাঁচা সড়ক ১৪৮ মাইল। পাকা সড়ক ৯ মাইল। বর্তমান পাকা সড়কটি সংস্কারের অভাবে দিন দিন যানবাহন চলাচলের অযোগ্য হয়ে পড়ছে।